গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
(নার্সিং সেবা-১ শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
**www.hsd.gov.bd**

নং- ৪৫.০০.০০০০.১৭২.১১.০৩৬.২১(অংশ-১)-১০০

তারিখঃ ১৭ চৈত্র ১৪২৮
৩১ মার্চ ২০২২

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় কর্তৃক জারিকৃত ০১-০৩-২০২০খ্রি: তারিখের ৮০.০০.০০০০.৩০১.৭৩. ০০১.২০২০-৩২ নং নিয়োগ বিজ্ঞপ্তির ধারাবাহিকতায় অনুষ্ঠিত নিয়োগ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ২৬-১০-২০২১ খ্রি: তারিখের ৮০.০০.০০০০.৩০১ (গোপনীয়).১১.২৪৫৩.২০২১-২১৪ নং পত্রের সুপারিশক্রমে এবং স্বাস্থ্য অধিদপ্তরের ২৩-০১-২০২২ তারিখের স্বাঃঅধিঃ/হাসঃ/ মেঃবোর্ড/ সিনিয়র স্টাফ নার্স/২০২২/১৮২নং স্মারকের সুপারিশের প্রেক্ষিতে এ প্রজ্ঞাপনের ৩ নং অনুচ্ছেদে বর্ণিত ০৬ (ছয়) জন প্রার্থীকে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অধীন 'সিনিয়র স্টাফ নার্স' পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১০ম গ্রেডে ১৬০০০-৩৮৬৪০/- বেতনক্রমে নিম্নবর্ণিত শর্তে রাষ্ট্রীয় জরুরি প্রয়োজনে সাময়িকভাবে নিয়োগ প্রদান করা হলো:

ক. প্রার্থী বাংলাদেশের নাগরিক না হলে অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হলে অথবা বাংলাদেশের ডমিসাইলড (Domiciled) না হলে তাঁর এ সাময়িক নিয়োগ বাতিল হবে;

খ. তিনি বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিবাহ করে থাকেন বা বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার প্রতিশ্রুতিবদ্ধ/ অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তাহলে তাঁর এ সাময়িক নিয়োগ বাতিল হবে;

গ. যথাযথ এজেন্সি বা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন সন্তোষজনক না হলে অথবা তাঁর বিষয়ে বিরূপ মন্তব্য থাকলে অথবা তাঁর কর্তৃক অসত্য তথ্য উপস্থাপিত হলে তাঁর এ সাময়িক নিয়োগ বাতিল হবে;

ঘ. উপানুচ্ছেদ (ক), (খ) ও (গ) তে উল্লিখিত শর্ত পূরণসাপেক্ষে প্রাপ্ত প্রতিবেদনের ভিত্তিতে পরবর্তীতে তাঁর এ নিয়োগ নিয়মিত করা হবে;

ঙ. তাঁকে সরকার কর্তৃক নির্ধারিত প্রতিষ্ঠানে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে এবং তাঁর চাকরি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরকার যেরূপ স্থির করবে সেরূপ বিশেষায়িত (Specialized) হবে;

চ. তাঁকে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসাবে কাজ করতে হবে। প্রয়োজনে সরকার এ শিক্ষানবিশকাল অনূর্ধ্ব দুই বছর বর্ধিত করতে পারবে। শিক্ষানবিশকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;

ছ. নির্ধারিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপ্তি এবং শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাঁকে চাকরিতে স্থায়ীকরণ করা হবে;

জ. তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণ ভাতা/ অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন;

ঝ. তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য কাজে অনুপস্থিত থাকেন, তাহলে তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ সরকারি দাবী আদায় আইন, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

ঞ. প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তাঁর চাকরির জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

ট. চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

ঠ. সরকারি কর্মচারি (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর ১৩(১) উপবিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে জমা দিতে হবে;

ড. এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না;

ঢ. পরবর্তীকালে সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীর যে কোন সময় যোগ্যতার ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে, অসত্য তথ্য প্রদান বা অন্য কোনো ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোনো গুরুতর [Substantive] ভুলত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর নিয়োগ বাতিল বলে গণ্য হবে। এছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে এবং চাকরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে তাকে চাকরি হতে বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে।

গ. এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

২। অনুচ্ছেদ-১ এ উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ১২-০৪-২০২২ খ্রি. পূর্বাহ্নে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত/পদায়িত হাসপাতাল/স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে যোগদানের জন্য তাঁকে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ সাময়িক নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। পদের নাম : সিনিয়র স্টাফ নার্স
সাময়িকভাবে নিয়োগ প্রাপ্ত : ০৬ (ছয়) জন

| সি. | মেধা | রেজিঃ | নাম | নিজ জেলা | বিভাগ |
|---|---|---|---|---|---|
| ৪১১৩ | ৪১১৯ | ০১৭৭৭২ | উম্মে কুলসুম | চাঁদপুর | চট্টগ্রাম |
| ৫০ | ৫০ | ০১৩৩০২ | মোছাঃ সাবরিনা হাসনাত হাওয়া | দিনাজপুর | রংপুর |
| ২৬১৩ | ২৬১৭ | ০১৫৩৫৪ | মৌসুমী আকতার | নারায়ণগঞ্জ | ঢাকা |
| ৪১৮৮ | ৪১৯৪ | ০০১৮৯৮ | চামেলী মন্ডল | মেহেরপুর | খুলনা |
| ৬০৬১ | ৬০৭১ | ০০৬৬০৫ | দিপ্তি আক্তার | ময়মনসিংহ | ময়মনসিংহ |
| ৭৫৯৭ | ৭৬০৯ | ০০১২১০ | শারমিন সুলতানা | ময়মনসিংহ | ময়মনসিংহ |

৪। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো।

৩১/৩/২২

রাষ্ট্রপতির আদেশক্রমে,

লোকমান হোসেন মিয়া
সিনিয়র সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ

(লোকমান হোসেন মিয়া)
সিনিয়র সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ

নং- ৪৫.০০.০০০০.১৭২.১১.০৩৬.২১(অংশ-১)-১০০/১(৩০)

তারিখঃ ১৭ চৈত্র ১৪২৮ / ৩১ মার্চ ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩. কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ, কাকরাইল, ঢাকা।
৪. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় / সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয় / সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ / স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর /মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর / মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯. যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ / স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. পরিচালক/অধ্যক্ষ..........................................................................
১২. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়/বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেটে পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
১৪. সিভিল সার্জন/সুপারিনটেনডেন্ট..............................................................

06 nurse/New Folder-2022

১৫. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক,.............................................................

১৬. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএভবন, সেগুনবাগিচা, ঢাকা।

১৭. জনসংযোগ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৮. উপজেলা/থানা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা.....................................................................

১৯. নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়.......................

২০. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (স্বাস্থ্য সেবা বিভাগের ও এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

২১. জেলা পাবলিক হেলথ নার্স.....................................................................

২২. জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা .........................................................................

২৩. পিএমআই সেল, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

২৪. জনাব/বেগম.........................................................................................

৩১.০৬.২০২২

(মো. হামিদুল হক)
যুগ্মসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
(নার্সিং সেবা-১ শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

নং- ৪৫.০০.০০০০.১৭২.১১.০৩৬.২১(অংশ-১)-১০১

তারিখঃ ১৭ চৈত্র ১৪২৮
৩১ মার্চ ২০২২

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, সচিবালয় কর্তৃক জারিকৃত ০১-০৩-২০২০ খ্রি: তারিখের ৮০.০০.০০০০.৩০১.৭৩.০০১.২০২০-৩২ নং নিয়োগ বিজ্ঞপ্তির ধারাবাহিকতায় অনুষ্ঠিত নিয়োগ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ২৬-১০-২০২১ খ্রি: তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২৪৫৩.২০২১-২১৪ নং পত্রের সুপারিশক্রমে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ৩১ মার্চ ২০২২ খ্রি: তারিখের নং- ৪৫.০০.০০০০.১৭২.১১.০৩৬.২১(অংশ-১)-১০০ নং প্রজ্ঞাপনমূলে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অধীন সিনিয়র স্টাফ নার্স পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১০ম গ্রেডে ১৬০০০-৩৮৬৪০/- বেতনক্রমে নব-নিয়োগপ্রাপ্ত নিম্নবর্ণিত সিনিয়র স্টাফ নার্সগণকে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে পদায়ন করা হলো:

| সি. | মেধা | রেজিঃ | নাম | নিজ জেলা | পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|---|
| ৪১১৩ | ৪১১৯ | ০১৭৭৭২ | উম্মে কুলসুম | চাঁদপুর | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শাহরাস্তি, চাঁদপুর |
| ৫০ | ৫০ | ০১৩৩০২ | মোছাঃ সাবরিনা হাসনাত হাওয়া | দিনাজপুর | এম, আব্দুর রহিম মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুর |
| ২৬১৩ | ২৬১৭ | ০১৫৩৫৪ | মৌসুমী আকতার | নারায়ণগঞ্জ | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রূপগঞ্জ, নারায়নগঞ্জ |
| ৪১৮৮ | ৪১৯৪ | ০০১৮৯৮ | চামেলী মন্ডল | মেহেরপুর | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মুজিবনগর, মেহেরপুর |
| ৬০৬১ | ৬০৭১ | ০০৬৬০৫ | দিপ্তি আক্তার | ময়মনসিংহ | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ধোবাউড়া, ময়মনসিংহ |
| ৭৫৯৭ | ৭৬০৯ | ০০১২১০ | শারমিন সুলতানা | ময়মনসিংহ | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ধোবাউড়া, ময়মনসিংহ |

শর্তাবলীঃ

১. নবনিয়োগপ্রাপ্ত এবং পদায়নকৃত সিনিয়র স্টাফ নার্সগণকে আগামী ১২-০৪-২০২২ খ্রি: তারিখ পূর্বাহ্নে পদায়নকৃত হাসপাতাল/ স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে যোগদান করতে হবে। এক্ষেত্রে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত যোগদান পত্রের নির্ধারিত নমুনা অনুসরণ করতে হবে;

২. পদায়নকৃত সিনিয়র স্টাফ নার্সগণের পরবর্তী বদলি/পদায়ন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর থেকে স্বাস্থ্য সেবা কর্তৃক জারীকৃত সর্বশেষ প্রজ্ঞাপন অনুযায়ী সম্পন্ন হবে;

৩. চাকরিতে যোগদানকৃত সিনিয়র স্টাফ নার্সগণকে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

৪. সরকারি কর্মচারি (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর ১৩(১) উপবিধি অনুযায়ী সকল স্থাবর- অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে জমা দিতে হবে;

৫. নিয়োগকৃত সিনিয়র স্টাফ নার্সগণকে (ক) পুলিশ ভেরিফিকেশন ফর্ম, (খ) PMIS ফর্ম ও (গ) সম্পদ বিবরণী সংক্রান্ত ফর্ম স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় অথবা নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইট থেকে সংগ্রহপূর্বক পূরণ করে আগামী ২০-০৪-২০২২ খ্রি: তারিখের মধ্যে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে জমা দিতে হবে;

৬. পদায়নকৃত সিনিয়র স্টাফ নার্সগণকে যোগদানের ক্ষেত্রে কোন ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হলে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর হতে তা সমন্বয় করা হবে।

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মোঃ এনামুল হক)
অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি)
ফোন: ৯৫৪৯০৩৪

চলমানপাতা-২

06 nurse/New Folder-2022

নং- ৪৫.০০.০০০০.১৭২.১১.০৩৬.২১(অংশ-১)-১০১ তারিখঃ ১৭ চৈত্র ১৪২৮ / ৩১ মার্চ ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩. কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ, কাকরাইল, ঢাকা।
৪. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় / সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয় / সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ / স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর / মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর / মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯. যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ / স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১১. পরিচালক/অধ্যক্ষ.......................................................................................
১২. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়/বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেটে পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
১৪. সিভিল সার্জন/সুপারিনটেনডেন্ট...............................................................
১৫. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক,.................................................................
১৬. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৭. জনসংযোগ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা......................................................................
১৯. নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়..............................
২০. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (স্বাস্থ্য সেবা বিভাগের ও এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
২১. জেলা পাবলিক হেলথ নার্স...........................................................
২২. জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা .........................................................................
২৩. উপপরিচালক, পিএমআই সেল, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্য হালনাগাদ করার অনুরোধসহ)।
২৪. জনাব/বেগম..........................................................................................................

৩১.৩.২০২২

(মো. হামিদুল হক)
যুগ্মসচিব